হে আল্লাহ! আপনি আমার সহযোগী ও সাহায্যকারী, কেবল আপনার সাহায্যেই অবস্থার পরিবর্তন করি, কেবল আপনার সাহায্যেই আক্রমণ করি এবং কেবল আপনার সাহায্যেই যুদ্ধ করি।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ সনদে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন যুদ্ধ আরম্ভ করতেন তখন বলতেন, “হে আল্লাহ! আপনি আমার সহযোগী ও সাহায্যকারী, কেবল আপনার সাহায্যেই অবস্থার পরিবর্তন করি, কেবল
আপনার সাহায্যেই আক্রমণ করি এবং কেবল আপনার সাহায্যেই যুদ্ধ করি।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন যুদ্ধ আরম্ভ করার ইচ্ছা করতেন বা যুদ্ধ শুরু করতেন, তখন তিনি এ দো‘আগুলো পড়তেন যার অর্থ হে আল্লাহ! আপনি আমার সহযোগী ও সাহায্যকারী, কেবল আপনার সাহায্যেই এক অবস্থা থেকে অপর অবস্থায় নীত হই, কেবল আপনার সাহায্যেই আমি দীনের শত্রুদের উপর ঝাঁপিয়ে পড়ি ও আপনার সাহায্যেই আমি তাদের বিরুদ্ধে যুদ্ধ করি।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5024